গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ১৩.০৯.২০২১ খ্রি.

## ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি:

২০২০ সালের অনার্স ৩য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, "রকেট" এর মাধ্যমে প্রয়োজনীয় ফি প্রদান পূর্বক নিজ নিজ বিভাগে আবেদন ফরম পূরণ কার্যক্রম সংযুক্ত সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে।

**পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:**

১। ক) **নিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৯ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে, কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২০ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) **অনিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৪-১৫,২০১৫-১৬, ও ২০১৬-১৭) ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৭,২০১৮ ও ২০১৯ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) **গ্রেড উন্নয়নঃ** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০১৯ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দু'টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। তবে এক জন পরীক্ষার্থী একটি বা দুটি কোর্সে শুধুমাত্র ২০২০ সালের পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

২। আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

ক) আবেদনকারীকে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd অথবা www.nubd.info/honours-এ Log in করে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রিন্ট নিতে হবে।

খ) উক্ত আবেদন ফরমে উল্লেখিত টাকা ও কলেজে প্রদত্ত টাকা "রকেট" এর মাধ্যমে জমা দিয়ে Txn Id ও টাকার পরিমাণ ফরমের উপরে লিখে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

গ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা দুই (০২) কপি পাসপোর্ট সাইজের ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি সংযোজন করে আবেদন ফরমটি নির্ধারিত তারিখে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

ঘ) অনার্স ৩য় বর্ষের রকেট Biller ID: 1892

উল্লিখিত Payment Key Word ব্যতীত অন্য কোন Payment Key Word এর মাধ্যমে টাকা পরিশোধ করলে সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে।

**উল্লেখ্য যে, অনার্স ৩য় বর্ষ ২০২০ পরীক্ষার্থীদের ০৯ অক্টোবর ২০২০ তারিখ বিকাল ২.০০ টার মধ্যে রকেট এ টাকা পরিশোধ করার জন্য শিক্ষার্থীদের পরামর্শ দেয়া গেল।**

## ৩। ফি প্রদান, ফরম সংগ্রহ ও নিজ নিজ বিভাগে ফরম জমাদানের সময়সূচিঃ

নিম্নলিখিত সময়সূচি অনুসারে "রকেট" এর মাধ্যমে ফি পরিশোধ করে পূরণকৃত ফরম নিজ নিজ বিভাগে নিম্নে উল্লিখিত নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

| অনার্স বিষয় | পূরণকৃত ফরম জমা দানের তারিখ (সকাল ১০ টা- দুপুর ২.০০টা) | পূরণকৃত ফরম বিভাগ নিশ্চায়ন করে ইনকোর্স নম্বরসহ বিবরণী কমিটির নিকট জমাদানের তারিখ (শুধু ইনকোর্স নম্বর সিলগালাকৃত খামে) |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত | ২১.০৯.২০২১ থেকে ০৯.১০.২০২১ | ১০.১০.২০২১ |

**২০২০ সালের অনার্স পার্ট-৩ (২০১৩-২০১৪ সালের প্রণীত সিলেবাস) নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের সর্বমোট প্রদেয় ফি:**

| অনার্স বিষয় | পরীক্ষা ফি | | সেশন ফি | | "রকেট" এ মোট প্রদেয় ফি | |
|---|---|---|---|---|---|---|
| | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | জা:বি কর্তৃক নির্ধারিত কলেজের অংশ | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী |
| বাংলা, ইংরেজি, দর্শন, ইতিহাস, ইস.ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান | ২১০০/- | ৭০০/- | ২২৬৫/- | ২২৭০/- | ৫০৬৫/- | ৫০৭০/- |
| গণিত, মনোবিজ্ঞান | ২১০০/- | ৮২০/- | ২৩৬৫/- | ২৩৭০/- | ৫২৮৫/- | ৫২৯০/- |
| উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, পদার্থবিদ্যা | ২১০০/- | ৮৯৫/- | ২৩৬৫/- | ২৩৭০/- | ৫৩৬০/- | ৫৩৬৫/- |
| রসায়ন | ২৩৫০/- | ৮৯৫/- | ২৩৬৫/- | ২৩৭০/- | ৫৬১০/- | ৫৬১৫/- |
| পরিসংখ্যান | ২৬০০/- | ১০৪৫/- | ২৩৬৫/- | ২৩৭০/- | ৬০১০/- | ৬০১৫/- |

## ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

| | | |
|---|---|---|
| এক পত্র | ২৫০+৩০০+৪৫০+৫০ | ১০৫০/- |
| দুই পত্র | ২৫০X২+৩০০+৪৫০+৫০ | ১৩০০/- |

বি.দ্রঃ যেসকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (অনিয়মিত) হয়েছে সেসকল পরীক্ষার্থী পুন:ভর্তি সাপেক্ষে ফরম পূরণ করতে হবে।

****কোন পরীক্ষার্থীর অর্ধপত্র থাকলে প্রতি অর্ধপত্রের জন্য ২০০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।**

**** অনিয়মিত পরীক্ষার্থী যাঁরা ২০১৯ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে স্ব স্ব বিভাগে সেমিনার ফি জমা দিয়ে ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

উপর্যুক্ত নির্দেশাবলী এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক সঠিকভাবে আবেদন ফরম পূরণ কার্যক্রম সম্পাদনের জন্য সকলকে অনুরোধ করা হলো।

১৩/০৯/২০২১
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

Professor Md. Saleh Ahmed
Principal
Murarichand College, Sylhet

D:\M.ZAKIR. My Doc-Hons-3 : 4 Exam.MCC